

PRINT

সমকাল

প্রেসিডেন্সি ইউনিভার্সিটির নবীনবরণ

প্রকাশ: ১১ মার্চ ২৩ | ১৯:৩১ | আপডেট: ১১ মার্চ ২৩ | ১৯:৩১

অনলাইন ডেস্ক



প্রেসিডেন্সি ইউনিভার্সিটির নবাগত শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে শুক্রবার। বারিধারা ডিওএইচএস কনভেনশন হল-৩ এ বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়টির সেমিস্টার-১ এর নবাগত ছাত্রছাত্রীদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়।

সমবেত কণ্ঠে জাতীয় সংগীত দিয়ে শুরু হয় নবীনবরণ অনুষ্ঠান। প্রেসিডেন্সি ইউনিভার্সিটির উপাচার্য (ভারপ্রাপ্ত) মোহাম্মদ মুনিরুজ্জামানের সভাপতিত্বে নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে অনুপ্রেরণাদায়ী বক্তব্য রাখেন নাভিদ'স কমেডি ক্লাবের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী নাভিদ মাহবুব।

নবীনবরণ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রেসিডেন্সি ইউনিভার্সিটির রেজিস্ট্রার মো. রুহুল আমিন, বিশ্ববিদ্যালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মো. আনিসুর রহমান, প্রকৌশল অনুষদের ডিন আবুল এল হক, ব্যবসায় শিক্ষা বিভাগের চেয়ারম্যান মো. মুজাক্কীরুল হুদা, পুরকৌশল বিভাগের চেয়ারম্যান মো. সুলতানুল ইসলাম এবং ইংরেজি বিভাগের চেয়ারম্যান মো. হাবিবুল্লাহ। ভবিষ্যতের সূনাগরিক হয়ে গড়ে উঠতে শিক্ষার্থীদের অনুপ্রেরণা দেন বক্তারা।

নবীনবরণ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অ্যাডমিশন অ্যান্ড প্রোমোশন বিভাগের প্রধান মো. আব্দুল গাফফার, স্টুডেন্টস অ্যাফেয়ার্স অ্যান্ড ক্যারিয়ার সার্ভিসেস কার্যালয়ের প্রধান মোহাম্মদ মঞ্জুরুল হক খান এবং বিভিন্ন বিভাগের প্রোগ্রাম ডিরেক্টর, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা। অনুষ্ঠানের শেষে গান শোনান মাশা ইসলাম। এ ছাড়াও ছিল প্রেসিডেন্সি ইউনিভার্সিটির সংগঠনের সদস্যদের পরিবেশনা ও র‍্যাফেল ড্র। সংবাদ বিজ্ঞপ্তি

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com